প্রাথমিক ইংরেজি (প্রথম – অষ্টম)

TESS India

# পাঠ করার পরিবেশের উন্নয়ন করা

## Promoting the reading environment






ভারতে বিদ্যালয় ভিত্তিক সহায়তার ভিত্তিতে শিক্ষকের জন্য শিক্ষা

www.TESS-India.edu.in

The Open University

UKaid from the British people

cc BY SA
http://creativecommons.org/licenses/

*TESS-ইন্ডিয়া ( টিচার এডুকেশন থ্রু স্কুল বেসড সাপোর্ট )-এর লক্ষ্য হল শিক্ষার্থী-কেন্দ্রিক, অংশগ্রহণমূলক পদক্ষেপের উন্নতিতে শিক্ষকদের সহায়তা করার জন্য ওপেন এডুকেশনাল রিসোর্সেস (OERs)-এর সম্পদগুলির মাধ্যমে ভারতের প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষকদের শ্রেণিকক্ষের রীতিগুলিকে উন্নত করা। TESS-ইন্ডিয়া OERs শিক্ষকদের স্কুলের পাঠ্যবইয়ের সহায়িকা প্রদান করে। এগুলি শিক্ষকদেরকে তাঁদের শিক্ষার্থীদের সঙ্গে শ্রেণিকক্ষে পরখ করে দেখার জন্য অ্যাক্টিভিটি প্রদান করে, আর একই সাথে কিছু কেস স্টাডি প্রদান করে যেগুলি দেখায় যে অন্য শিক্ষকরা কীভাবে বিষয়টি পড়িয়েছেন এবং সম্পদগুলির মধ্যে যোগসূত্র স্থাপন করেছে যাতে শিক্ষকদেরকে তাঁদের পাঠের পরিকল্পনা ও বিষয়জ্ঞানকে উন্নত করতে সাহায্য করা যায়।*

*ভারতীয় পাঠ্যক্রম এবং প্রসঙ্গগুলির জন্য TESS-ইন্ডিয়া OERs সহযোগীতামূলক ভাবে ভারতীয় এবং আন্তর্জাতিক লেখকদের দ্বারা লেখা হয়েছে এবং এটি অনলাইনে এবং ছাপার ব্যবহারের জন্য উপলব্ধ আছে (http://www.tess-india.edu.in/) । OERs অনেক সংস্করণে পাওয়া যায়, এগুলি ভারতের প্রত্যেক অংশগ্রহণকারী রাজ্যের জন্য উপযুক্ত এবং স্থানীয় প্রয়োজনীয়তা এবং প্রসঙ্গ পূরণ করতে OERsকে ব্যবহারকারীদের গ্রহণ এবং স্থানীয় ভাষায় অনুবাদ করতে আমন্ত্রণ করা হয়।*

*TESS-ইন্ডিয়া দি ওপেন ইউনির্ভাসিটি UK দ্বারা পরিচালিত এবং UK সরকার আর্থিক বিনিয়োগ করেছে।*

***ভিডিও সম্পদসমূহ***

*এই ইউনিটে কিছু কার্যক্রমের সঙ্গে নিম্নলিখিত আইকনগুলি আছে:*  *। এর অর্থ হল যে নির্দিষ্ট শিক্ষাদান সক্রান্ত থিমের জন্য TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদসমূহ দেখা আপনার পক্ষে সহায়ক হবে।*

*TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদসমূহ ভারতের ক্লাসঘরের বিবিধ প্রকারের পরিপ্রেক্ষিতে মূল শিক্ষাদানসংক্রান্ত কৌশলগুলি চিত্রিত করে। আমরা আশা করি সেগুলি আপনাকে অনুরূপ চর্চা নিয়ে পরীক্ষা করতে সাহায্য করবে। সেগুলির উদ্দেশ্য হল পাঠ্যভিত্তিক ইউনিটের মাধ্যমে আপনার কাজের অভিজ্ঞতা বাড়ানো ও পরিপূর্ণ করা, কিন্তু আপনি যদি সেগুলি পেতে অসমর্থ হন, সেই ক্ষেত্রে এগুলি অপরিহার্য নয়।*

*TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদগুলি অনলাইনে দেখা যায় বা TESS-ইন্ডিয়া ওয়েবসাইট, (http://www.tess-india.edu.in/) থেকে ডাউনলোড করা যায়। অন্যথায় আপনি একটি সিডি বা মেমরি কার্ডে ভিডিওগুলি পেতে পারেন।*

*সংস্করণ 1.0 EE08v1*

*West Bengal*

*তৃতীয় পক্ষের উপাদানগুলি বা অন্যথায় বর্ণিত না হলে এই সামগ্রীটি ক্রিয়েটিভ কমন্স অ্যাট্রিবিউশন-শেয়ারঅ্যালাইক লাইসেন্সের অধীনে উপলব্ধ: http://creativecommons.org/licenses/by-sa/3.0/*

*TESS-India is led by The Open University UK and funded by UK aid from the UK government*

# এই ইউনিটটির বিষয়বস্তু

এই ইউনিটটিতে আনন্দের জন্য পাঠ করার বিষয়ের উপর মনোযোগ প্রদান করা হয়েছে। যদি শিক্ষার্থীরা শুধুমাত্র ভাষা অনুশীলন এবং পরীক্ষার জন্যই ইংরেজির সাথে যুক্ত থাকে, তাহলে তারা সম্ভবত যেটুকু প্রয়োজন তার থেকে বেশি ইংরেজি শিখতে পারবে না। কিন্তু যদি তারা ইংরেজিতে পাঠ করাকে আনন্দদায়ক অভিজ্ঞতা বলে মনে করে, তারা সম্ভবত জীবনব্যাপী স্বাধীনভাবে ইংরেজি পাঠ করতে পারবে।

আপনার শিক্ষার্থীরা ইংরেজি এবং বাংলা পাঠ করা শিখতে থাকবে। যে ভাবনা এবং পদ্ধতিগুলো নিয়ে আলোচনা হয়েছে, সেগুলো যে কোনো ভাষা পঠনের ক্ষেত্রেই প্রাসঙ্গিক। সূতরাং আপনি যখন এই ইউনিটটি পড়ছেন, আপনি কীভাবে বাংলা এবং স্থানীয় ভাষাগুলির পাশাপাশি ইংরেজি ভাষাকেও আনন্দের সঙ্গে পাঠ করার জন্য জন্য কী কী কার্যক্রম করবেন সেটা নিয়ে ভাবুন। এটাও ভাবুন কীভাবে আপনার শ্রেণিতে আলোচনা করা কৌশলগুলি বিভিন্ন প্রকার দক্ষতাযুক্ত শিক্ষার্থীদের জন্য কার্যকরী ভূমিকা নিতে পারে।

# এই ইউনিটে আপনি কী শিখতে পারেন

- আনন্দের সঙ্গে ইংরেজি পাঠ করার উন্নতি সাধন।
- একটি শ্রেণি পাঠাগারের বিকাশ ঘটাতে।
- পাঠ করার ক্ষেত্রে শিক্ষার্থীদের কাছে একজন রোল মডেল হতে।

# 1 একটা পাঠ করার পরিবেশ প্রদান করতে

যে পদক্ষেপগুলি আপনি ইতিমধ্যেই আনন্দের সঙ্গে পাঠ করার উন্নতিকল্পে গ্রহণ করেছেন সেই কার্যক্রমগুলির সম্পর্কে চিন্তা করা দিয়ে শুরু করুন।

## অ্যাক্টিভিটি 1: আপনার শিক্ষার্থীদের পাঠ করার ব্যাপারে উৎসাহ দান করা

আপনার শিক্ষার্থীদের পাঠ করার দক্ষতা যে মাত্রাতেই থাক না কেন, তাদের প্রতিদিন আনন্দের সঙ্গে পাঠ করার অভিজ্ঞতা লাভের সুযোগ প্রদান করাটা ভালো অভ্যাস। এটা জরুরি যে, শিক্ষার্থীরা একটা সত্যিকারের পাঠ করার ইচ্ছে বা প্রয়োজন থেকে যেন প্রেরণা পায়। এখানে আপনার গ্রহণ করার মত পাঁচটি প্রধান পদক্ষেপ হল।

1. শিক্ষার্থীদের দেখান যে, আপনি নিজেই একজন পাঠক। আপনি কী পাঠ করতে পছন্দ করেন সেটা নিয়ে কথা বলুন এবং তাদের সাথে উপযুক্ত উদাহরণগুলি ভাগ করে নিন।
2. একটা 'বইয়ের স্থান' সৃষ্টি করার মাধ্যমে আপনার শ্রেণিতে পাঠ করার পরিবেশ তৈরি করুন।
3. শুধু ভাষার দক্ষতা নিয়ে এবং পরীক্ষা নিয়ে শিক্ষাদানের জন্য নয়, শুধু আনন্দের জন্যও শ্রেণিতে উচ্চস্বরে পড়ার সময় বের করুন ।
4. শিক্ষার্থীরা কী পড়তে ভালোবাসে এবং কী পড়তে ভালোবাসে না সেটা নিয়ে তাদের সঙ্গে কথা বলুন।
5. আপনার শ্রেণিতে সম্পূর্ণ স্বতন্ত্রভাবে নিরব পাঠের জন্য সময় বের করুন।

এই পাঁচটি বিষয় পর্যালোচনা করুন।

- কোনগুলি সম্পর্কে আপনার মনে হয় যে, আপনি সেগুলো ইতিমধ্যেই করেন?
- কোনগুলিকে আপনার মনে হয় যে, আপনি শ্রেণিতে আরও বেশি করতে পারেন?
- এই বিষয়গুলির উন্নতির উদ্দেশ্যে আপনার কী পরিমাণ পরিবর্তন করা প্রয়োজন?
- হয়তো আপনি ইতিমধ্যেই বংলা পড়ার জন্য এইসব কার্যক্রম ব্যবহার করে থাকেন। আপনি কীভাবে এই কার্যক্রমগুলি ইংরেজি পাঠ করার জন্য করবেন?

পরবর্তী মাসে আপনি আপনার শ্রেণিতে কোন্ কার্যক্রমটি উন্নত করার চেষ্টা করবেন সে বিষয়ে সিদ্ধান্ত নিন। সম্ভব হলে অন্য কোন শিক্ষকের সাথে কথা বলুন এবং তাদের আপনার শ্রেণিটিতে পরিবর্তন করার জন্য আপনার সঙ্গে যোগদান করতে বলুন। আপনার অভিজ্ঞতাগুলি নিয়ে অন্য কোন শিক্ষকের সাথে আলোচনা করাটা আপনাকে উৎসাহ বজায় রাখতে এবং আপনার শেখার ওপর শ্রেণিতে পরিবর্তনের প্রভাব নিয়ে ভাবতে সাহায্য করবে। এই এককের  পঠনগুলি, ঘটনা  সমীক্ষাগুলি এবং কার্যক্রমগুলি আপনাকে শুরু করতে সাহায্য করার জন্য পরিকল্পিত হয়েছে।

ঘটনা  সমীক্ষা 1: একজন শিক্ষক তাঁর শ্রেণিতে পঠনের জন্য শিক্ষার্থীদের উৎসাহ দিতে কিছু পরিবর্তন করতে চেষ্টা করেন।

## কেস স্টাডি 1:  শঙ্কর বাবু তাঁর নিজ ভূমিকা নিয়ে চিন্তন-মনন করেছেন

*শঙ্কর বাবু  একটি সরকারি বিদ্যালয়ের পঞ্চম শ্রেণিতে পড়ান।*

যে বিদ্যালয়ে আমি পড়াই, সেখানে শিক্ষার্থীরা এমন সব পরিবার থেকে আসে যাদের কোন প্রথাগত শিক্ষা নেই। আমি ইংরেজিতে তেমন আত্মবিশ্বাসী নই, তাই আমি পাঠ্যবইটি খুব ভালভাবে অনুসরণ করছিলাম। আমি আসলে একজন খুবই উৎসাহী পাঠক, কিন্তু শুধু আমার নিজের ভাষায়। আমি খবরের কাগজ এবং পত্রিকা এবং কখনও সামান্য কবিতা পড়তেও পছন্দ করি। কিন্তু আমি আমার শিক্ষার্থীদের কাছে এই পড়ার আনন্দের ব্যাপারটা পৌঁছাতে পারছিলাম না। আমার শিক্ষার্থীরা পাঠ করাকে শুধুমাত্র পরীক্ষার সঙ্গেই সংযুক্ত করত - ইংরেজিতে এবং বাংলাতে।

ভাস্কর আমার শিক্ষার্থীদের মধ্যে একজন। সে খুব ভালো ফুটবল খেলোয়াড় এবং ডেভিড বেকহ্যামের একনিষ্ঠ ভক্ত, কিন্তু তার পাঠ করার দক্ষতা ছিল খুবই সীমিত। পাঠের  সময়  সে পড়া ছাড়া সবকিছুই করত।

আমি এ বিষয়ে খুব ভেবেছিলাম। আমি কী দিতে পারি যেটা সে পড়তে চাইবে? আমি কিছু ফুটবল পত্রিকা এবং খবরের কাগজের  কিছু খেলার পাতা  যোগাড়  করলাম। আমি সেগুলিকে সবার সামনে একটা তাকের ওপর রেখে দিলাম। যখন ভাস্কর ওগুলো দেখল, সে এত উত্তেজিত হয়ে গেল যে, সঙ্গে সঙ্গে সেগুলো তুলে পড়তে শুরু করল। কয়েক দিন পরে আমি তাকে অন্যান্য আরও কয়েকজন শিক্ষার্থীর সাথে খবরের কাগজ এবং আবহাওয়ার খবর পড়তে দেখলাম। যখন আমি দেখিয়ে দিলাম যে, তারা পত্রিকায় এবং খবরের কাগজে কিছু ইংরেজি শব্দ খুঁজে পেতে পারে, তারা এই শব্দগুলি খুঁজে পাওয়ার জন্য চেষ্টা করতে শুরু করল।

একজন শিক্ষক হিসেবে, আমার শিক্ষার্থীদের স্বাধীনভাবে পাঠ করার মনোভাবকে প্রভাবিত করতে আমি কী চেষ্টা করতে পারি, সে বিষয়ে আমি আমার জটিল ভূমিকা আগে  পুরোপুরি বুঝতে পারি নি। এখন আমি আমার শিক্ষার্থীদের দেখাতে চেষ্টা করি যে, আমিও একজন পাঠক। আমি প্রায়ই বাড়িতে যা পড়েছি, তাদের সেটা নিয়ে বলি। কখনও খবরের কাগজে বা কোন পত্রিকায় দেখা কোন কিছু, বা এমনকি এমন কিছু, যা আমি বিজ্ঞাপন বা বিলবোর্ডে দেখেছিলাম। এখন আমি শিক্ষার্থীদের সঙ্গে পাঠ করার ব্যাপারে অল্প অল্প কথোপকথন করতে এবং খুঁজে বের করতে চেষ্টা করি যে, তারা কী পড়তে পছন্দ করে।

### চিন্তার জন্য সাময়িক বিরতি

- আপনার কি মনে হয় যে, শ্রেণিতে পড়ার বস্তু হিসেবে খেলার পত্রিকা এবং খবরের কাগজ প্রদান করাটা যুক্তিযুক্ত? কেন, বা কেন নয়?
- আপনি নিজে ইংরেজি বা অন্য কোন ভাষায় কী পড়তে পছন্দ করেন? কবিতা, উপন্যাস, জীবনী, খবরের বই – বা অন্য কিছু?
- আপনার শিক্ষার্থীরা তাদের নিজেদের জন্য ইংরেজি বা অন্য যে কোন ভাষায় কী পড়তে উপভোগ করে?
- আপনার কাছে কি এমন কোন পাঠ আছে যেটি আপনি এবং আপনার শিক্ষার্থীরা শ্রেণিতে বসে পড়তে পছন্দ করবেন? কেন, বা কেন নয়?

# 2 একটা বইয়ের স্থান তৈরি করা

কেস স্টাডি 2-তে, একজন শিক্ষক শ্রেণিতে পড়ার পরিবেশ তৈরি করতে পদক্ষেপ নেন।

## কেস স্টাডি 2: শান্তা দিদিমনি একটা বইয়ের স্থান তৈরি করেন

*শান্তা দিদিমনি একটি সহ-শিক্ষামূলক সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পঞ্চম শ্রেণির শিক্ষিকা।*

আমার শ্রেণির বেশিরভাগ শিক্ষার্থীরই বাড়িতে পাঠ্যপুস্তক ছাড়া অন্য কোন বই নেই। যদিও আমার শিক্ষার্থীদের কাছে সপ্তাহে একবার লাইব্রেরী পিরিয়ডের সময় বিদ্যালয়ের পাঠাগার থেকে বই নেওয়ার সুযোগ ছিল, কিন্তু তারা বই পড়তে খুব একটা উৎসাহী ছিল না।

আমি আমার শ্রেণিকে পরীক্ষা করলাম। এখানে আমার শিক্ষার্থীদের পড়ার মত খুব কমই বই ছিল। এমনকি, যেহেতু কটা মাত্র বই একটা আলমারিতে ঢুকিয়ে রাখা থাকতো, সেগুলোকে প্রায় দেখাই যেত না। আমি কিছু পরিবর্তন করতে চেষ্টা করব বলে স্থির করেছিলাম।

প্রথমে আমি শ্রেণিতে বইয়ের সংখ্যা বাড়িয়ে দিলাম। আমি আমার সহকর্মীদের কাছে কিছু অতিরিক্ত বইয়ের জন্য বললাম। আমি আমার সমস্ত বার্ষিক ভাতা পড়ানোর এবং শেখার জিনিস কিনে ব্যয় করব বলে স্থির করলাম। আমি ন্যাশনাল বুক ট্রাস্ট এবং চিলড্রেন বুক ট্রাস্ট থেকে অনেক মজাদার, কম দামি বই কিনলাম। এছাড়াও আমার শিক্ষার্থীদের সাহায্যে, আমি নোটবুক এবং পত্রিকার ছবির সাহায্যে কিছু গল্পের বই বানালাম।যখন বইগুলি বাছাই এবং তৈরি করছিলাম, আমি আমার শিক্ষার্থীদের কাছে সেগুলি আকর্ষণীয় করার মত করে তৈরি করার চেষ্টা করছিলাম। আমি ছবির বই, প্রাথমিক পাঠকদের জন্য সহজপাঠ্য বই, উপকথা এবং লোককাহিনী, খবরের বই, মজার এবং ধাঁধার বই, কবিতার বই, কমিক্স (স্পাইডারম্যান সহ), খেলার বই, এবং বিভিন্ন জিনিস বানানোর বই অন্তর্ভুক্ত করলাম। এছাড়াও আমি বিদ্যালয় পাঠাগার থেকে ছোটদের পত্রিকাগুলি ধার নিয়েছিলাম। আমি ধর্মোপদেশ, 'নীতি' গল্পগুলি এড়িয়ে গিয়েছিলাম, কারন আমি আমার অভিজ্ঞতা থেকে জানি যে, এগুলি শিক্ষার্থীদের বিকর্ষণ করে। যাইহোক, আমি ভেবে চিন্তে কিছু গল্প বাছাই করেছিলাম যেগুলি গুরুত্বপূর্ণ বার্তা প্রদান করতে পারে। উদাহরণস্বরূপ, চিলড্রেন্স বুক ট্রাস্টের একটা প্রকাশনা ছিল, যেখানে শিক্ষক ও অন্যান্য ছেলেদের সহানুভূতিহীন ব্যবহারের ফলে একটি আদিবাসী ছেলে প্রথম কয়েক দিন বিদ্যালয়ে যে সমস্যাগুলির সম্মুখীন হয়েছিল তা নিয়ে গল্প ছিল এবং আর একটি বই ছিল তোতলামীর জন্য উপহাসের পাত্র হওয়া একটি শিক্ষার্থীর গল্প নিয়ে।

আমার পরের করনীয় কর্মটি ছিল আমার শ্রেণির কোণে কিছু তাক এবং পড়ার স্থান সহ একটি 'ক্ষুদ্র পাঠাগার' তৈরি করা। কোথায় এটা হতে পারে, সে বিষয়ে আমি আমার শিক্ষার্থীদের পরামর্শ চাইলাম। প্রথমে তাদের মনে হল এই ঘরটা বড্ড ছোট, কিন্তু যখন আমরা সমস্ত

আসবাব নতুন করে সাজালাম আমরা অবাক হয়ে গেলাম যে, সবকিছু ভেতরে ঢুকে যেতে পারে।আমি পাঠাগারের কোণে একটা মাদুর বিছিয়ে দিলাম, কারণ বেশিরভাগ শিক্ষার্থী মেঝেতে বসে পড়াটাকেই আরামদায়ক মনে করছিল। বই পড়ায় উৎসাহ দিতে আমি বই বিক্রেতাদের থেকে কিছু আকর্ষণীয় পোস্টার নিলাম। আমার জন্য একটা চেয়ার বসানো হল যাতে আমি বা একজন শিক্ষার্থী অন্যদেরকে জোরে জোরে পড়ে শোনাতে পারে(চিত্র 1)।



**চিত্র 1** শান্তা দিদিমনির শ্রেণির পাঠাগার

শিক্ষার্থীরা এই কোনটিকে একটা বিশেষ জায়গা হিসেবে উল্লেখ করত। বইয়ের স্থানটি তাদের এই বার্তা দিয়েছিল যে, বই এতই মূল্যবান যে তাদের জায়গা দেওয়ার জন্য শ্রেণির বাকি জায়গা থেকে জায়গা বের করে নেওয়া উচিত্। শিক্ষার্থীরা সেই স্থানটিকে ব্যবহারের জন্য আরও সময় এবং বই পাঠ করার সময়ে একই সঙ্গে, খাওয়ার জন্য অনুমতি চাইল।

## চিন্তার জন্য সাময়িক বিরতি

- শান্তার দিদিমনির শ্রেণি পাঠাগারের পড়ার সম্পদগুলির উৎস কী কী ছিল?
- আপনার কাছে কি এই সম্পদগুলি যোগাড় করতে পারবেন?
- আপনি কি মনে করেন যে, শিক্ষার্থীদের পড়ার সময় খেতে দেওয়া উচিত? কেন, বা কেন নয়?

## অ্যাক্টিভিটি 2: আপনার শ্রেণির চারিদিকে দেখুন – একটি কার্যক্রম পরিকল্পনা করা

আপনার শ্রেণির চারদিকে দেখুন এবং আপনি কীভাবে চিত্র 2- তে দেখানো কোণের ছোট্ট শ্রেণি পাঠাগারটির মত করে স্থান এবং আসবাব গোছাতে পারবেন সে বিষয়ে চিন্তা করুন। একটি তালিকা তৈরি করুনঃ

- স্থানীয় পাঠাগার থেকে যেসব বই আপনি পেতে পারেন
- যেসব বই আপনি তৈরি করতে পারেন
- অন্যান্য শিক্ষক, বন্ধুরা এবং পরিবারের থেকে যেসব পত্রিকা এবং খবরের কাগজ আপনি জোগাড় করতে পারেন
- বই সম্বন্ধীয় পোস্টারগুলি
- পাঠ করার মত অন্য যে কোনো সরঞ্জাম।




**চিত্র 2** শ্রেণিতে বইয়ে স্থানের একটি নমুনা

আপনি কী ভাবে একসাথে কাজ করে, পড়ার জন্য আদান-প্রদানভিত্তিক সম্পদ সৃষ্টি করতে পারেন, সে বিষয়ে অন্যান্য শিক্ষকদের সঙ্গে কথা বলুন।

সম্পদ 1, আগ্রহ এবং দক্ষতার একটি বিস্তৃতির জন্য সম্পদের বিকাশ সম্পর্কে আরও অধিক শিক্ষণের জন্য ‘সবাইকে যুক্ত করা’।

# 3 শিক্ষার্থীদের পঠন

এখন নিম্নলিখিত কার্যক্রমগুলি করতে চেষ্টা করুন।

## অ্যাক্টিভিটি 3: আপনার শিক্ষার্থীদের সঙ্গে পড়ার বিষয়ে কথা বলুন

প্রথমত, অ্যাক্টিভিটি 2 করুন এবং বই এবং অন্যান্য সরঞ্জামের একটি তালিকা তৈরি করুন যাতে আপনি শ্রেণির জন্য একটি ‘ক্ষুদ্র পাঠাগার’ তৈরি করার জন্য সংগ্রহ করতে পারেন।

পাঠটিতে, আপনার শিক্ষার্থীদের বলুন যে, আপনি শ্রেণিতে একটা বইয়ের স্থান তৈরি করতে চান। নিম্নলিখিত প্রশ্নগুলি বোর্ডে লিখুনঃ

- What books have you read? (কোন বইগুলি তুমি পড়েছ?)
- Which ones did you like, and why? (কোনগুলি তোমার পছন্দ হয়েছিল, এবং কেন?)
- What kinds of book would y0u like to read? (কী ধরনের বই তুমি পড়তে পছন্দ করবে?)
- Are there other things you would like to read, maybe on a computer? (অন্য কোনও জিনিস আছে কি যেগুলি তুমি পড়তে পছন্দ করবে, হয়তো একটি কম্পিউটারের সম্পর্কে?)

শিক্ষার্থীদের জোড়ায় জোড়ায় ভাগ করে দিন এবং একে অপরকে সেই প্রশ্নগুলি জিজ্ঞাসা করতে বলুন যেগুলি আপনি বোর্ডে লিখেছেন। তাদেরকে এটা করতে কয়েক মিনিট দিন এবং তারপর শ্রেণিটিকে আগের মত একসাথে করুন। তাদের উত্তরগুলি জিজ্ঞাসা করুন এবং তাদের ভাবনাগুলি বোর্ডে লিখুন।

পাঠের পরে, তাদের ভাবনাগুলি একত্রিত করুন। তাদের ভাবনাগুলির সাথে আপনার নিজের তালিকাটির তুলনা করুন। তাদের ভাবনাগুলি কি আপনার সঙ্গে মিলছে? আপনি কী খুঁজে পেলেন?

কীভাবে এই ধরনের খবরগুলি আপনাকে পাঠক হিসেবে প্রত্যেক শিক্ষার্থীর জন্য সহায়তা তৈরি করতে সাহায্য করে?

পরবর্তী কয়েকটি সপ্তাহ ধরে, আপনার পড়ার জন্য ক্ষুদ্র সংগ্রহগুলি একত্রিত করুন।

আপনার কাছে কি ‘পাঠাগার’-এর জন্য কোন বিধি ব্যবস্থা বিদ্যমান থাকবে? আপনি কি পিতা মাতাকে পাঠাগারটির ব্যাপারে বলবেন? আপনি কি তাদের সাহায্যের জন্য বলতে পারেন? সম্ভবত আপনি আপনার শিক্ষার্থীদের, আপনার বইয়ের স্থানটির উদ্বোধনের জন্য একটা ছোট্ট অনুষ্ঠানের পরিকল্পনা করার কথা বলতে বলবেন?

আপনি পঠনের স্থানটিকে অনেক রকম ভাবে ব্যবহার করতে পারেন। শিক্ষার্থীদের প্রয়োজনীয়তা অনুযায়ী বেশ কিছু পঠনের সরঞ্জাম পছন্দ করার মাধ্যমে, আপনি সেগুলি স্বাদ বদলের জন্য পরিবেশন করতে পারেন। উদাহরণস্বরূপ, একজন প্রতিভাশালী শিক্ষার্থী সমস্যাবহুল পাঠগুলিকে পাঠ করাটাকে আকর্ষণীয় মনে করতে পারে, অন্যথায় যেগুলি সে কখনও নিজের আওতায় পেত না। একইভাবে, যাদের পড়ার সমস্যা আছে, তারা যেসব পাঠ পড়তে পারে তার সঙ্গে মানানসই পড়ার মাত্রাগুলি শিক্ষার্থীদের মধ্যে আত্মবিশ্বাস তৈরি করতে সমর্থ হবে। এছাড়াও আপনি সহকর্মীদের এবং বয়স্ক শিক্ষার্থীদের সাহায্যে তাদের পঠনকে সম্পূর্ণ করতে কার্যতালিকা প্রস্তুত করতে পারেন।

পড়ার জন্য একটি স্থান আপনাকে শ্রেণি ব্যবস্থাপনাতেও সাহায্য করবে। যদি আপনার একটি বড় শ্রেণি বা একটি একাধিক স্তরের শ্রেণিকে পড়াতে হয়, যখন আপনি অন্যান্যদের সঙ্গে কাজ করবেন এবং বিপরীতভাবে, তখন একটি দলকে কোন এক কোনে

স্বতন্ত্রভাবে পাঠ করার জন্য দায়িত্ব দেওয়া যেতে পারে। যদি তারা এতে অভ্যস্ত না হয়, তাহলে কাজটি নিয়মনিষ্ঠভাবে স্বাধীনভাবে করতে অবশ্যই শিক্ষার্থীরা কিছু সময় নেবে। কিন্তু কিছু কঠোর নিয়ম এবং প্রাথমিক পথনির্দেশনার সঙ্গে, তাদের এটা করতে শেখানো যেতে পারে।

## ভিডিও: সকলকে যুক্ত করা

পরবর্তী কার্যক্রমটি হল জোরে পড়ার বিষয়ে।

আপনি জানতে পারবেন যে, শিক্ষার্থীরা কতটা তাদের শিক্ষকদের নকল করতে ভালোবাসে। আপনি যা বলেন এবং করেন, তারাও সেটা করে এবং বলে। যখন আপনি জোরে জোরে পড়বেন, আপনি আনন্দজনক পঠনের জন্য একজন মডেল হবেন। আপনার জোরে জোরে পড়া এবং শিক্ষার্থীদের জোরে জোরে পড়া, আপনাকে এবং আপনার শিক্ষার্থীদের আপনার ইংরেজি উচ্চারণে উন্নতি করতে সাহায্য করবে।

## অ্যাক্টিভিটি 4: অভিব্যক্তির সঙ্গে জোরে জোরে পাঠ করা

ইংরেজিতে একটা ছোট গল্প বা কবিতা বাছাই করুন, যেটি আপনি ভালো করে জানেন এবং যেটিকে আপনার মনে হয় যে শিক্ষার্থীরা উপভোগ করবে। এটাকে যে পাঠ্যবই থেকে নিতে হবে সেটার কোন মানে নেই। গল্পটি বা কবিতাটিকে শ্রেণিকক্ষে জোরে জোরে পড়ুন।

তারপর বাকি শ্রেণির সামনে গল্পটি পাঠ করতে একজন শিক্ষার্থীকে ডাকুন (চিত্র 3)। শিক্ষার্থীদের বই ধরতে এবং নিজেদেরকে শিক্ষক বলে ভাবতে বলুন। শিক্ষার্থীরা হয়তো পাঠটির কিছুটা বা সবটা মনে রাখতে পেরেছে, কিন্তু এটা ঠিকই আছে – আপনি যেভাবে অভিব্যক্তি এবং উৎসাহ নিয়ে পাঠ করেন সেভাবে শিক্ষার্থীদের নকল করতে দিন। অন্য শিক্ষার্থীদের সঙ্গে বসুন এবং কীভাবে একজন ভালো শ্রোতা হওয়া যায় তা তাদের দেখান। যদি পাঠটিতে সমবেত অংশ থাকে তাহলে যোগদান করুন।




**চিত্র 3** একজন শিক্ষার্থী শিক্ষককে এবং শিক্ষার্থীদের একটা গল্প পড়ে শোনাচ্ছে।

আপনি অবশ্যই ভাষার অন্য কোন অনুশীলন করাটাকে সরবে পাঠ করার কার্যক্রমের সঙ্গে সংযুক্ত করা থেকে বিরত থাকবেন। সরলভাবে পঠনের আনন্দ এবং উপভোগ করার দিকে লক্ষ্য করুন।

যখন আপনি আপনার শিক্ষার্থীদের শ্রেণিতে জোরে পাঠ করতে দেন, নিজেকে দর্শকাসনে বসিয়ে, আপনি পঠন দক্ষতা এবং ব্যবহারগুলি লক্ষ্য করতে পারেন। শিক্ষার্থীরা কি বইগুলি সাবধানে ব্যবহার করে? তারা কি পাঠ করছে বা মনে রেখে পুনরায় বলছে, অথবা দুটোই কিছুটা করে করছে কি? অন্যান্য শিক্ষার্থীরা কী শুনছে এবং প্রতিক্রিয়া প্রকাশ করছে?

# 4 শিক্ষার্থীদের শব্দ এবং ছবিগুলি নিয়ে বই তৈরি করা

এখন নিম্নলিখিত কার্যক্রমগুলি করতে চেষ্টা করুন।

## অ্যাক্টিভিটি 5: শিক্ষার্থীদের শব্দ এবং ছবিগুলি নিয়ে বই তৈরি করা

অ্যাক্টিভিটিগুলি I–IV শ্রেণির জন্য উপযুক্ত, কিন্তু এটাকে বড়দের ক্লাসের জন্যও উপযোগী করতে পারেন।

বইগুলি শিক্ষার্থীদের নিজেদের শব্দগুলি দিয়ে সৃষ্টি করুন। যদি আপনার একটি বড় শ্রেণিকক্ষ থাকে, আপনি কয়েক দিন বা এক সপ্তাহ ধরে একটা বড় বই সৃষ্টি করতে পারেন। অন্যথায়, আপনি প্রত্যেক শিক্ষার্থীর জন্য একটা করে বই তৈরি করতে পারেন।

1. আপনার পত্রিকার ছবিগুলি কেটে নেওয়ার প্রয়োজন হবে বা শিক্ষার্থীদের নিজেদের হাতে আঁকা ছবি, পাশাপাশি আঠা, কাগজ এবং পেন ইত্যাদির প্রয়োজন হবে।
2. শিক্ষার্থীদের বলুন যে তারা ইংরেজিতে একটা বই তৈরি করতে চলেছে।
3. শিক্ষার্থীদের বাংলায় বা তাদের নিজের ভাষায় তাদের প্রিয় শব্দ ভাবতে বলুন। তারা তাদের শব্দ একজন বন্ধুর সঙ্গে আলোচনা করে নিতে পারে। তাদের বলুন তাদের শব্দটির একটি ছবি আঁকতে, বা পত্রিকা থেকে একটা ছবি কেটে নিতে এবং একটা কাগজের টুকরোর ওপর তা আটকে দিতে।
4. বাংলা এবং ইংরেজিতে তাদের প্রিয় শব্দটি বোর্ডে লিখুন। আঁকা চিত্রগুলি বা ছবিগুলি উল্লেখ করে ইংরেজিতে শব্দগুলি এক সাথে বলা অভ্যাস করুন।
5. শিক্ষার্থীদের তাদের শব্দটির ছবির পাশে ইংরেজিতে শব্দটি লিখতে বলুন। সেই শিক্ষার্থীরা যারা এখনও বর্ণ তৈরি করতে সমর্থ নয়, তাদের জন্য শব্দটি লিখে দিন।
6. শিক্ষার্থীদের প্রত্যেকের স্বতন্ত্র কাগজগুলি নিন এবং 'We Can Read!' এই শিরোনামে একটা বই সৃষ্টি করুন। প্রতি শিক্ষার্থীর জন্য বইটির প্রত্যেক পৃষ্ঠায় অবশ্যই একটা করে আলাদা শব্দ, একটি চিত্রকলা বা আটকানো ছবি থাকতে হবে। প্রত্যেক পৃষ্ঠায় আপনি প্রত্যেক শিক্ষার্থীর জন্য ইংরেজিতে একটি শিরোনাম লিখবেন, উদাহরণস্বরূপ:
   - Mehak can read 'ice cream'.
   - Susheela can read 'festival'.
   - Munir can read 'car'.
   - Deepti can read 'computer'.

বইগুলি পড়ো এবং একসাথে ইংরেজি অভ্যাস করো। পিতা মাতাদের শ্রেণিতে আমন্ত্রণ জানান যাতে শিক্ষার্থীরা তাদের বাবা এবং মায়ের

সামনে বইটি পড়তে পারে। আপনার শ্রেণি পাঠাগার বানাতে থাকুন এবং পাঠ করার পরিবেশকে উন্নত করতে থাকুন।

আপনি এই অ্যাক্টিভিটিটি এইভাবে উপযোগী করতে পারেন:

- খাবার, পরিবহণ, গাছপালা, পরিবার বা শরীরের বিভিন্ন অংশ সম্পর্কিত বিভিন্ন বিষয়ের ওপর অনেক 'I Can Read' আপনি বই বানাতে পারেন।

বিভিন্ন বাক্যের গঠন অভ্যাস করার জন্য বইয়ের নামকরণ এই রকম হতে পারে: 'What Do You Like to Eat?' Munir likes to eat rice', 'Deepti likes to eat mango' ইত্যাদি।

### চিন্তার জন্য সাময়িক বিরতি

- এই অ্যাক্টিভিটিগুলিকে উঁচু শ্রেণির উপযুক্ত করার জন্য আপনি কী করবেন? আপনি কি শিক্ষার্থীদের তাদের নিজস্ব বিষয় বেছে নিতে দেবেন? কোন শব্দভান্ডারের উপর আপনি দৃষ্টিনিবদ্ধ করবেন?
- নিজস্ব বইতে বা একটি ভাগ করে নেওয়া বড় বইতে আপনি সাধারণ সপ্তম শ্রেণির শিক্ষার্থীদের কতটা ইংরেজি লেখা আশা করবেন?

# 5 সারসংক্ষেপ

এই ইউনিটটি, আপনি কীভাবে আপনার শ্রেণিতে একটি ইতিবাচক পঠনের পরিবেশের বিকাশ ঘটাবেন, সেদিকেই লক্ষ্য রেখেছে। যে কোনো একটি ভাষায় পাঠ করা, স্বতন্ত্র শিক্ষার্থীদের সৃষ্টি করতে এবং তাদের পড়াশোনায় সাফল্য বাড়াতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। পাঠ করা হল সকল স্তরের শিক্ষণের ক্ষেত্রে একজন শিক্ষার্থীর সাফল্যের ভিত্তি। ভালো পড়ার অভ্যাস তৈরি করা একটি শিশুর ভবিষ্যতের জন্য গুরুত্বপূর্ণ – শুধু শিক্ষাগত ক্ষেত্রে নয়, প্রাত্যহিক জীবনেও। ভালো পঠনের অভ্যাসযুক্ত শিক্ষার্থীরা তাদের চারিদিকের পৃথিবীটা নিয়ে বেশি শেখে এবং ভাষায় এবং অন্যান্য ভাষা এবং সংস্কৃতির প্রতি আগ্রহকে উন্নত করে। পঠনের ফলে প্রশ্ন করা এবং উত্তর খোঁজার আগ্রহ তৈরি হয়, যেগুলি নিরবিচ্ছিন্নভাবে শিক্ষার্থীদের জ্ঞানবৃদ্ধি করে।

এই বিষয়ে অন্যান্য প্রাথমিক ইংরেজি শিক্ষক উন্নয়ন ইউনিটগুলি হলঃ

- *ইংরাজির বর্ণ এবং ধ্বনি*
- *গল্প বলা*
- *এক সাথে পড়া*
- *একটি পাঠ্য বিষয়ক পরিকল্পনা গঠন করা*
- *পড়ার উন্নতি করা এবং পর্যবেক্ষণ করা*

# সম্পদসমূহ

## সম্পদ 1: সকলকে সংযুক্ত করা

### 'সকলকে অন্তর্ভুক্ত করা' র অর্থ কী?

সমাজ ও সংস্কৃতির বৈচিত্র্য শ্রেণিকক্ষে প্রতিফলিত হয়। শিক্ষার্থীদের পৃথক পৃথক ভাষা, আগ্রহ এবং সক্ষমতা আছে। শিক্ষার্থীরা বিভিন্ন সামাজিক ও অর্থনৈতিক প্রেক্ষাপট থেকে আসে। আমরা এই পার্থক্যগুলি উপেক্ষা করতে পারি না; আমাদের অবশ্যই এগুলিকে স্বাগত জানানো উচিত, যেহেতু এগুলি একে অপরের সম্বন্ধে জানতে এবং আমাদের অভিজ্ঞতা বহির্ভূত বিশ্ব সম্পর্কে শেখার মাধ্যম হতে পারে। তাদের অবস্থা, সামর্থ্য এবং প্রেক্ষাপট নির্বিশেষে সমস্ত শিক্ষার্থীদের শিক্ষালাভের অধিকার এবং শেখার সুযোগ পাওয়ার অধিকার আছে এবং এটি ভারতীয় আইন এবং শিশুদের আন্তর্জাতিক অধিকার-এও স্বীকৃত। 2014 সালে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি জাতির প্রতি তাঁর প্রথম ভাষণে, ভারতের সব নাগরিকের জাত, লিঙ্গ বা আয় বিবেচনা না করে তাদের সম্মান দেওয়ার গুরুত্বের উপর জোর দিয়েছিলেন। এই ক্ষেত্রে স্কুল ও শিক্ষকদের একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা আছে।

আমাদের সকলেরই অন্যদের সম্পর্কে পূর্বধারণা এবং মতামত আছে, যা হয়তো আমরা আগে উপলব্ধি করিনি বা যার মোকাবিলা করিনি। একজন শিক্ষক হিসেবে, প্রত্যেক শিক্ষার্থীর শিক্ষার অভিজ্ঞতাকে ইতিবাচক বা নেতিবাচক ভাবে প্রভাবিত করার ক্ষমতা আপনার থাকে। আপনার শিক্ষার্থীরা কতটা সমানভাবে শিখছে সেটাকে জ্ঞাতসারে বা অজ্ঞাতসারে আপনার অন্তর্নিহিত পূর্বধারণা এবং মতামতগুলি প্রভাবিত করবে। আপনি আপনার শিক্ষার্থীদের প্রতি বৈষম্যমূলক আচরণ থেকে রক্ষা করতে পদক্ষেপ নিতে পারেন।

### আপনি যাতে শিক্ষায় সবাইকে অন্তর্ভুক্ত করেন সেটা নিশ্চিত করার তিনটি মূল নীতি হল

- **লক্ষ করা:** কার্যকরী শিক্ষকেরা মনোযোগী, বিচক্ষণ এবং সংবেদনশীল হন; তাঁরা তাঁদের শিক্ষার্থীদের পরিবর্তনগুলি *লক্ষ করেন* । আপনি মনোযোগী হলে, কোন শিক্ষার্থী ভাল কিছু করলে তা আপনি লক্ষ করবেন, এছাড়া কখন তাদের সাহায্যের প্রয়োজন এবং কীভাবে তারা অন্যদের সঙ্গে সংযুক্ত হতে পারে হয় তাও আপনি লক্ষ করবেন। আপনি আপনার শিক্ষার্থীদের পরিবর্তনগুলোও উপলব্ধি করতে পারবেন, যা হয়তো তাদের বাড়ির অবস্থার কোনো পরিবর্তন বা অন্য কোনো সমস্যার প্রতিফলন হতে পারে। সবাইকে সংযুক্ত করার জন্য আপনাকে দৈনন্দিন ভিত্তিতে আপনার শিক্ষার্থীদের পর্যবেক্ষণ করতে হবে, সেই সব শিক্ষার্থীদের প্রতি বিশেষ মনোযোগ দিতে হবে যারা নিজেদের প্রান্তিক (marginalised) মনে করতে পারে কিংবা অংশগ্রহণ করতে অসমর্থ এইরূপ মনে করতে পারে।
- **আত্মমর্যাদার ওপর গুরুত্ব দিন:** ভাল নাগরিক হলেন তারাই, যারা তাদের সঙ্গে থাকা মানুষদের সঙ্গে স্বচ্ছন্দ থাকেন। তাঁদের আত্মমর্যাদা আছে, তাঁরা নিজের ক্ষমতা ও দুর্বলতা জানেন, এবং সামাজিক অবস্থান নির্বিশেষে অন্য মানুষদের সঙ্গে ইতিবাচক সম্পর্ক গড়ে তোলার সামর্থ্য রাখেন। তাঁরা নিজেদের সম্মান করেন এবং তাঁরা অন্যদেরও সম্মান করেন। শিক্ষক হিসাবে আপনি অল্প বয়স্ক ব্যক্তির আত্মসম্মানের উপর গুরুত্বপূর্ণ প্রভাব ফেলতে পারেন; আপনাকে সেই ক্ষমতার বিষয়ে সচেতন হতে হবে এবং প্রত্যেক শিক্ষার্থীর আত্মসম্মান গড়ে তুলতে সেটা ব্যবহার করতে হবে।

- **নমনীয়তা:** আপনার শ্রেণিকক্ষে যদি নির্দিষ্ট কোনো শিক্ষার্থী, দল বা ব্যক্তির ক্ষেত্রে কোনো কিছু কাজ না করে, তাহলে আপনার পরিকল্পনা পাল্টাতে বা অ্যাক্টিভিটি স্থগিত রাখতে প্রস্তুত থাকুন। নমনীয়তা আপনাকে পরিবর্তন করতে সক্ষম করবে, যাতে আপনি সমস্ত শিক্ষার্থীকে আরো কার্যকরভাবে অংশগ্রহণ করাতে পারেন।

## যে পন্থাগুলি আপনি সব সময় ব্যবহার করতে পারেন

- **ভাল আচরণের নমুনা:** জাতি, ধর্ম বা লিঙ্গ নির্বিশেষে প্রত্যেকের সঙ্গে ভাল আচরণ করে আপনার শিক্ষার্থীদের সামনে ভালো নিদর্শন স্থাপন করুন। সব শিক্ষার্থীদের যথাযথ সম্মান দিয়ে আচরণ করুন আর আপনার পড়ানোর মাধ্যমে সুস্পষ্ট করে দিন যে আপনি সমস্ত শিক্ষার্থীকে সমান গুরুত্ব দেন। তাদের সবাই কে সম্মান দিয়ে কথা বলুন, যখন উপযুক্ত তখন তাদের মতামত গ্রহণ করুন, আর সবাইকে উপকৃত করবে এমন কাজ করার মাধ্যমে তাদের শ্রেণিকক্ষের জন্য দায়িত্ব গ্রহণ করতে উৎসাহ দিন।
- **উচ্চ প্রত্যাশা:** সামর্থ অপরিবর্তনীয় নয়; উপযুক্ত সাহায্য পেলে সব শিক্ষার্থী শিখতে এবং উন্নতি করতে পারে। আপনি শ্রেণিতে যে কাজটা করছেন, কোনো শিক্ষার্থীর যদি সেটা বুঝতে সমস্যা হয়, তাহলে ধরে নেবেন না যে তারা কখনই বুঝতে পারবে না। শিক্ষক হিসেবে আপনার ভূমিকা হল, প্রত্যেক শিক্ষার্থীকে কীভাবে সবচেয়ে ভালভাবে শিখতে সাহায্য করা যায় তা নির্ধারণ করা। আপনার যদি শ্রেণির প্রত্যেকের কাছে উচ্চ প্রত্যাশা থাকে, তাহলে আপনার শিক্ষার্থীদেরও এটা ভাবার সম্ভাবনা বেশি যে তারা ধৈর্য্য ধরলে শিখতে পারবে। উচ্চ প্রত্যাশা আচরণের ক্ষেত্রেও প্রযোজ্য হওয়া উচিত। প্রত্যাশাগুলি যাতে স্পষ্ট হয় এবং শিক্ষার্থীরা একে অপরকে যথাযথ সম্মান দিয়ে আচরণ করে তা নিশ্চিত করুন।
- **আপনার পড়ানোয় বৈচিত্র্য আনুন:** শিক্ষার্থীরা বিভিন্ন ভাবে শেখে। কিছু কিছু শিক্ষার্থী লিখতে ভালবাসে; অন্যরা তাদের ধারণাগুলি উপস্থাপন করতে মনের মানচিত্র বা ছবি আঁকা পছন্দ করে। কিছু কিছু শিক্ষার্থীরা ভাল শ্রোতা; কেউ কেউ তাদের ধারণা সম্পর্কে কথা বলার সুযোগ পেলে খুব ভাল শেখে। আপনি সবসময় সমস্ত শিক্ষার্থীর জন্য উপযোগী হবে এমন করে শেখাতে পারেন না, তবে আপনার পড়ানোয় বৈচিত্র্য আনতে পারেন এবং শিক্ষার্থীদের শিখনের জন্য তাদের যে অ্যাক্টিভিটিগুলি করতে হবে সেগুলি পছন্দ করার সুযোগ দিতে পারেন।
- **শিখনকে দৈনন্দিন জীবনের সঙ্গে সম্পর্কযুক্ত করুন:** কিছু শিক্ষার্থীর কাছে তাদের যা শিখতে বলছেন সেটা তাদের দৈনন্দিন জীবনে অপ্রাসঙ্গিক বলে মনে হয়। যখনই সম্ভব, এই শেখাকে তাদের জন্য প্রাসঙ্গিক কোনো বিষয়ের সঙ্গে সম্পর্কিত করে এবং তাদের অভিজ্ঞতা থেকে উদাহরণ টেনে আপনি এই সমস্যার মোকাবিলা করতে পারেন।
- **ভাষার ব্যবহার:** আপনার ব্যবহার করা ভাষা সম্পর্কে যত্নসহকারে চিন্তা করুন। ইতিবাচক ভাষা ও প্রশংসা ব্যবহার করুন, এবং শিক্ষার্থীদের উপহাস করবেন না। সর্বদা তাদের আচরণের ওপর মন্তব্য করবেন, ব্যক্তিগতভাবে তাদের সম্বন্ধে নয়। ‘আজকে তুমি আমাকে বিরক্ত করছ’ মন্তব্যটা খুবই ব্যক্তিগত, বরং এটাকেই ‘তোমার আচরণটা আজ খুবই বিরক্তিকর’ দিয়ে আরও ভালো ভাবে প্রকাশ করা যেতে পারে। তোমার কি কোনো কারনে মনঃসংযোগ করতে সমস্যা হচ্ছে?’ বলে এটা আরো ভালভাবে প্রকাশ করতে পারেন।
- **গতানুগতিক চিন্তাভাবনাকে চ্যালেঞ্জ করা:** এমন সম্পদ খুঁজুন ও ব্যবহার করুন যাতে মেয়েদের বাঁধাধরা চিন্তাভাবনার বাইরের কোনো ভূমিকায় দেখানো হয়, অথবা অনুকরণীয় মহিলা ব্যক্তিত্বদের, যেমন মহিলা বিজ্ঞানীদের স্কুল পরিদর্শনে আসার আমন্ত্রণ জানান। আপনার নিজের লিঙ্গগত বাঁধাধরা চিন্তাভাবনা সম্বন্ধে সচেতন হোন; আপনি হয়ত জানেন যে মেয়েরা যত্নশীল হয় আর ছেলেরা খেলাধুলো করে, কিন্তু আমরা প্রায়ই এটা অন্যভাবে প্রকাশ করে থাকি, যার প্রধান কারণ হল আমরা সমাজে ওইভাবে কথা বলতেই অভ্যস্ত।

- **একটা নিরাপদ, আন্তরিক শিখন পরিবেশ সৃষ্টি করুন:** সমস্ত শিক্ষার্থীর স্কুলে নিরাপদ ও স্বাচ্ছন্দ বোধ করা আবশ্যক। আপনি এমন একটা জায়গায় আছেন যেখান থেকে প্রত্যেককে পারস্পরিক শ্রদ্ধাশীল এবং বন্ধুত্বপূর্ণ আচরণে উৎসাহিত করে আপনি আপনার শিক্ষার্থীদের স্বচ্ছন্দ বোধ করাতে পারেন। বিভিন্ন শিক্ষার্থীর কাছে বিদ্যালয় ও শ্রেণিকক্ষ কি রকম মনে হতে পারে এবং ধারণা হতে পারে সেই সম্পর্কে চিন্তা করুন। কোথায় তাদের বসতে বলা উচিত বিবেচনা করুন এবং নিশ্চিত করুন যাতে দৃষ্টি বা শ্রবণ অক্ষমতা আছে, বা শারীরিক প্রতিবন্ধী শিক্ষার্থীদের এমন স্থানে বসান যেখান থেকে তারা পাঠে অংশ গ্রহণ করতে পারে। যাচাই করুন যে লাজুক বা সহজে মনোযোগ বিক্ষিপ্ত হয় এমন শিক্ষার্থীরা যেন এমন জায়গায় বসে, যেখানে আপনি সহজেই তাদেরকে লক্ষ করতে পারবেন।

## নির্দিষ্ট শিক্ষণ পন্থা

কয়েকটি নির্দিষ্ট পন্থা আছে যা সকল শিক্ষার্থীদের অন্তর্ভুক্ত করতে আপনাকে সাহায্য করবে। এইগুলি অন্যান্য মূল সম্পদসমূহে আরো বিস্তারিতভাবে বর্ণিত আছে, তবে একটি সংক্ষিপ্ত পরিচয় এখানে দেওয়া হল:

- **প্রশ্ন করা:** আপনি যদি শিক্ষার্থীদের হাত তুলতে বলেন, তাহলে একই শিক্ষার্থী বারবার উত্তর দেবে। উত্তর সম্পর্কে চিন্তা করা এবং প্রশ্নের উত্তর দেবার ক্ষেত্রে আরো বেশি সংখ্যক শিক্ষার্থীদের অন্তর্ভুক্ত করার অন্যান্য পদ্ধতি আছে। আপনি নির্দিষ্ট ব্যক্তিদের সরাসরি প্রশ্নগুলি করতে পারেন। ক্লাসকে বলুন যে, কে উত্তর দেবে সেটা আপনি ঠিক করবেন, তারপরে সামনের শিক্ষার্থীদের পরিবর্তে কক্ষের পিছনে আর পাশের দিকে বসে থাকা শিক্ষার্থীদের প্রশ্ন করুন। শিক্ষার্থীদের ‘চিন্তা করার সময়’ দিন এবং নির্দিষ্ট শিক্ষার্থীদের অংশগ্রহণ করতে আহ্বান করুন। আত্মবিশ্বাস বাড়ানোর জন্য জুটিতে বা দলগত কাজ করার পন্থা ব্যবহার করুন, যাতে আপনি প্রত্যেককে সমগ্র শ্রেণির আলোচনায় যুক্ত করতে পারেন।
- **মূল্যায়ন:** গঠনমূলক মূল্যায়নের জন্য কিছু কৌশল গড়ে তুলুন যা প্রত্যেক শিক্ষার্থীকে ভালভাবে জানতে আপনাকে সাহায্য করবে। লুপ্ত প্রতিভা উন্মোচন এবং ঘাটতি দূর করার জন্য আপনাকে সৃজনশীল হতে হবে। কিছু শিক্ষার্থী এবং তাদের সামর্থ্য সম্বন্ধে সাধারণ ধারণা থেকে সহজে যা অনুমান করা যায় তার পরিবর্তে গঠনমূলক মূল্যায়ন আপনাকে সঠিক তথ্য প্রদান করবে। আপনি তারপরে তাদের ব্যক্তিগত চাহিদা আরও ভাল ভাবে পূরণ করতে সক্ষম হবেন।
- **দলগত কাজ এবং জুটিতে কাজ:** সবাইকে অন্তর্ভুক্ত করার লক্ষ্যকে মাথায় রেখে, আপনার ক্লাসকে কীভাবে দলে বিভাজিত করা যায় বা কীভাবে জুটি তৈরি করা যায় সেই ব্যাপারে সতর্কভাবে ভাবুন, আর শিক্ষার্থীদেরকে একে অন্যকে গুরুত্ব দিতে উৎসাহ দিন। নিশ্চিত করুন যেন সমস্ত শিক্ষার্থী একে অন্যের থেকে শেখার সুযোগ পায় আর তারা যা জানে সেটায় আত্মবিশ্বাস অর্জন করতে পারে। কিছু শিক্ষার্থীর ছোট ছোট দলে তাদের ধারণাগুলো প্রকাশ করার এবং প্রশ্ন জিজ্ঞাসা করার আত্মবিশ্বাস থাকে, কিন্তু পুরো শ্রেণির সামনে সেটা করার আত্মবিশ্বাস থাকে না।

**পৃথকীকরণ:** আলাদা আলাদা দলের জন্য আলাদা কাজ নির্ধারণ করলে সেটা শিক্ষার্থীদেরকে তাদের বর্তমান অবস্থান থেকে শুরু করতে এবং এগিয়ে যেতে সাহায্য করবে। একাধিক সম্ভাবনাময় কাজ নির্ধারণ সকল শিক্ষার্থীদের সফল হওয়ার সুযোগ দেবে। শিক্ষার্থীদের কাজ বেছে নিতে দেওয়া তাদের কাজের স্বত্বাধিকার বোধ করাতে এবং তাদের নিজেদের শেখার জন্য দায়িত্ব নিতে সাহায্য করে। ব্যক্তিবিশেষের শিক্ষাগত চাহিদা বিবেচনা করা কঠিন হয়, বিশেষত বড় ক্লাসের ক্ষেত্রে, তবে বিভিন্ন প্রকারের কাজ ও অ্যাক্টিভিটি ব্যবহার করে এটা করা যায়।

# অতিরিক্ত সম্পদসমূহ

- Children's Book Trust India: http://www.childrensbooktrust.com/
- Karadi Tales: http://www.karaditales.com/
- National Book Trust India: http://www.nbtindia.gov.in/
- NCERT textbooks: http://www.ncert.nic.in/NCERTS/textbook/textbook.htm
- Teachers of India classroom resources: http://www.teachersofindia.org/en

# তথ্যসূত্র/গ্রন্থতালিকা


Bromley, H. (2000) *Book-based Reading Games*. London: Centre for Literacy in Primary Education.

Bryant, P. and Nunes, T (eds) (2004) *Handbook of Children's Literacy*. Dordrecht: Kluwer Academic Publishers.

Dombey, H. and Moustafa, M. (1998) *Whole to Part Phonics: How Children Learn to Read and Spell*. London: Centre for Literacy in Primary Education.

Goswami U. (2010a) 'Phonology, reading and reading difficulties', in Hall, K., Goswami, U., Harrison, C., Ellis, S. and Soler, J. (eds) *Interdisciplinary Perspectives on Learning to Read*. London: Routledge.

Goswami U. (2010b) 'A psycholinguistic grain size view of reading acquisition across languages', in Brunswick, N., McDougall, S. and Mornay-Davies, P. (eds) *The Role of Orthographies in Reading and Spelling*. Hove: Psychology Press.

Graham, J. and Kelly, A. (2012) *Reading under Control: Teaching Reading in the Primary School*, 3rd edn. London: Routledge.

Hall, K., Goswami, U., Harrison, C., Ellis, S. and Soler, J. (eds) (2010) *Interdisciplinary Perspectives on Learning to Read: Culture, Cognition and Pedagogy*. London: Routledge.


# কৃতজ্ঞতাস্বীকার


তৃতীয় পক্ষের উপাদানগুলি ব্যতীত এবং অন্যথায় নীচে বর্ণিত না থাকলে এই সামগ্রীটি একটি ক্রিয়েটিভ কমনস অ্যাট্রিবিউশন শেয়ারঅ্যালাইক লাইসেন্সের অধীনে উপলব্ধ হয় (http://creativecommons.org/licenses/by-sa/3.0/)। নীচে স্বীকৃত উপাদানটি মালিকানাধীন এবং এই প্রকল্পের লাইসেন্সের অধীনে ব্যবহার করা হয় এবং ক্রিয়েটিভ কমনস লাইসেন্সের বিষয়বস্তু নয়। এর অর্থ এই উপাদানটি কেবল মাত্র TESS-ইন্ডিয়া প্রকল্পে অ্যাডাপ্ট না করেই ব্যবহার করতে পারা যায়, কোনও পরবর্তী OER সংস্করণগুলিতে পারা যায় না। এর মধ্যে TESS-ইন্ডিয়া, OU এবং UKAID লোগোগুলির ব্যবহার অন্তর্ভুক্ত।



এই ইউনিটে উপাদানটি পুনরুৎপাদনে অনুমোদন প্রাদনের জন্য নিম্নলিখিত উৎসগুলির প্রতি কৃতজ্ঞতা স্বীকার করা হয়:

ছবিগুলি সুমন ভাটিয়ার সৌজন্যে প্রাপ্ত। [Images are courtesy of Suman Bhatia.]

কপিরাইট স্বত্বাধিকারীদের সাথে যোগাযোগ করার উদ্দেশ্যে সর্বতভাবে প্রচেষ্টা করা হয়েছে। যদি কোনোটি অনিচ্ছাকৃতভাবে নজর এড়িয়ে গিয়ে থাকে, তাহলে প্রকাশকরা প্রথম সুযোগেই সানন্দে প্রয়োজনীয় বন্দোবস্ত করবেন।

ভিডিও (ভিডিও স্টিল সহ): ভারত ব্যাপী শিক্ষকদের শিক্ষাদানকারী, প্রধান শিক্ষক, শিক্ষক ও ছাত্রছাত্রীদের ধন্যবাদ জানানো হচ্ছে, যারা প্রস্তুতির সময়ে ওপেন ইউনিভার্সিটির সঙ্গে কাজ করেছিলেন।